ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬০২
আগরতলা, ৮ মে, ২০২৫

**বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা**

বৈশাখী বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বৌদ্ধধর্মাবলম্বী জনগণসহ সকল রাজ্যবাসীকে হার্দিক শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘ভগবান গৌতম বুদ্ধের প্রদর্শিত অহিংসা, প্রেম, করুণা এবং শান্তির বার্তা আজকের সময়েও আমাদের কাছে অত্যন্ত প্রাসঙ্গিক। বৈশাখ মাসের পূর্ণিমা তিথির এই দিনটি বিশ্বের সকল শান্তিপ্রিয় মানুষের কাছে খুবই পবিত্র এবং তাৎপর্যপূর্ণ দিন। ভগবান বুদ্ধের শ্বাশত বাণী আমাদের সকলকে সমৃদ্ধ করুক। পবিত্র এই দিনে আমি সকলের সুখ শান্তি ও সমৃদ্ধি কামনা করছি’।

*****